

## শাবিতে শিবির-পুলিশ সংঘর্ষে গুলিবিদ্ধ ৫

• আহত ৮

**প্রতিনিধি সিলেট**

শাহজাঙ্গাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রশিবিরের সঙ্গে পুলিশের ব্যাপক সংঘর্ষ হয়েছে। এ সময় পুলিশের ওপাতে পাঁচ শিবির কর্মী গুলিবিদ্ধ ও অন্য আট নেতাকর্মী আহত হয়েছেন বলে জানা গেছে। গতকাল সকালে ধর্মঘটকে কেন্দ্র করে এ ঘটনা ঘটে। তবে পুলিশ কাউকে আটক করতে পারেনি। এ সময় শিবির নেতাকর্মীরা বিশ্ববিদ্যালয়ের একটি পরিবেশে ভাঙচুর করেছে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানায়, ১৪ জন নেতাকর্মীর দ্বারা বহিষ্কারদেশ প্রত্যাহারসহ ৫ দফা দাবিতে শাখা ছাত্র শিবির আহত ধর্মঘটের বিতীয় দিন গতকাল সকাল পৌনে ৭টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে থেকে মিছিল বের করলে পুলিশের সঙ্গে সংঘর্ষ বাধে। মিছিলে পুলিশ রাব্বীর কুলেট নিক্ষেপ করে শিবির নেতাকর্মীরা ছত্রচন্দন করার চেষ্টা করলে সংঘর্ষ ক্যাম্পাসে ছড়িয়ে পড়ে। এ সময় শিবির নেতাকর্মীরা পুলিশকে লক্ষ্য করে

শিবির : পূতা : ১৫ ক : ০

**শিবির : পুলিশ সংঘর্ষ**  
(১ম পৃষ্ঠার পর)

ইটপাটকৈল ছুড়ে। পুলিশ অস্ত্র ৪০ রাউন্ড রাবার কুলেট নিক্ষেপ করে। এতে পাঁচ শিবিরকর্মী গুলিবিদ্ধসহ ১০ জন আহত হয়েছেন বলে শিবির সেক্রেটারি নাইফুল ইসলাম সূত্রন দাবি করেছেন। আহতদের মগরীর বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। এর আগে ভোরে ছাত্র ধর্মঘটের সমর্থনে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন একাডেমিক ভবনে ক্লাস রুমে ভাঙ্গা খুলিয়ে দেয় শিবির। সকাল ৮টার দিকে বিশ্ববিদ্যালয় থেকে ছেড়ে যাওয়া শিক্ষাবীদের বহনকারী একটি বাসেও ভাঙচুর করে শিবির। শিক্ষাবীদের গিরাপত্রা নিকিত করতে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে বলে জানিয়েছেন মহানগর পুলিশের অতিরিক্ত উপ-কমিশনার (মিডিয়া) রহমত উল্লাহ। তিনি বলেন, পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে রয়েছে।